

## সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৪৮৭

১৩/ বিচার ও বিধান (كتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৮৩. কৃপের সীমানা

بَاب حَرِيم الْبِرِّ

আরবী

حَدَّثَنَا سَهْلُ بْنُ أَبِي الصُّفْدِيِّ، حَدَّثَنَا مَنْصُورُ بْنُ صُقَيْرٍ، حَدَّثَنَا ثَابِتُ بْنُ مُحَمَّدٍ، عَنْ نَافِعٍ أَبِي غَالِبٍ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " حَرِيمُ الْبِرِّ مَدْ رِشَائِهَا ".

বাংলা

২/২৪৮৭। আবু সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সান্নাহান্ত আলাইহি ওয়াসান্নাম বলেছেনঃ কৃপের চতুঃসীমা হবে কৃপ থেকে পানি তোলার রশির দৈর্ঘ্যের সমপরিমাপ।

## English

It was narrated from Abu Sa'eed Al-Khudri that the Messenger of Allah (ﷺ) said:

"The land around a well (that is considered to be part of it) is the length of the well rope (in all directions)."

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। বায়হাকী ফিস সুনান ৬/১০৫, দারাকুতনী ৪/২২৪। যইফাহ ৩৪৮৫, যইফ আল-জামি' ২৭০৮। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী মানসুর বিন সুকায়র সম্পর্কে আবু জাফার আল-উকায়লী বলেন, তিনি হাদিস বর্ণনায় কিছু সন্দেহ করেন। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়, তিনি হাদিস বর্ণনায় ইদতিরাব করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬১৯৬, ২৮/৫৩৩ নং পৃষ্ঠা) ২. সাবিত বিন মুহাম্মাদ সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি সত্যবাদী। আবু আবদুল্লাহ আল-হাকিম আন নায়সাবুরী বলেন, তিনি দাবিত নয়। ইমাম দারাকুতনী বলেন, তিনি নির্ভরযোগ্য ও দাবিত নয়, তিনি হাদিস বর্ণনায় ভুল করেন। ইবনু হাজার আল-

আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় ভুল করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৮৩০, ৪/৩৭৪  
নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43103>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন